# উপজেলা পরিষদ কার্যালয়
মনপুরা, ভোলা।

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

সভার নাম ঃ সেপ্টেম্বর/২০২১ খ্রি. মাসের মাসিক সভা।
সভার তারিখ ঃ ২৩/০৯/২০২১ খ্রিস্টাব্দ।
সভার সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার সভাপতি ঃ জনাবা শেলিনা আকতার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।

**উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'**
**অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'**

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অত:পর উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপস্থিত সকল কর্মকর্তাকে সভায় আলোচিত বিষয়ের উপর নোট নিতে অনুরোধ করা হয়; যাতে পরবর্তী সভার পূর্বেই সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারেন। অত:পর পর্যায়ক্রমে বিভিন্ন বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিভাগ/দপ্তরওয়ারী আলোচনা/তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম পর্যালোচনা ঃ**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলায় বর্তমানে কোভিট-১৯ ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় আরো জানান যে, আগামী ২৭ ও ২৮ সেপ্টেম্বর সারাদেশে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে ৭৫ লক্ষ কোভিট ভ্যাকসিন প্রদানের উদ্যোগ সফল করতে সকলের সহযোগীতা ও কার্যকরী অংশগ্রহন প্রয়োজন। মনপুরা উপজেলার পুরাতন ০৩টি ইউনিয়নে এই টিকা কার্যক্রম অনুষ্ঠিত হবে। ২৫ বছর উর্দ্ধের সকল নাগরিকদের রেজিস্ট্রেশন সম্পূর্ণ করার জন্য তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | ভ্যাকসিন গ্রহণে জনসাধারনকে উদ্বুদ্ধকরণসহ সঠিকভাবে টিকা কার্যক্রম অব্যহত রাখা এবং প্রতিটি সরকারি দপ্তরে টিকা রেজিস্ট্রেশন কার্যক্রম চালু করণের জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ০২ | **উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসেবে সরকার কর্তৃক আগামী ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সারা দেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় এবং বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। ইলিশ মাছ আমাদের জাতীয় সম্পদ। মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২১খ্রিঃ বাস্তবায়নে উপজেলা মৎস্য কর্মকর্তা উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। কারেন্ট জাল উচ্ছেদের লক্ষ্যে পুলিশ ফোর্স ও কোস্ট গার্ডের সহায়তায় মোবাইল কোর্ট/ অভিযান অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা প্রশাসন, পুলিশ, কোষ্টগার্ড ও সংশ্লিস্ট সকলের সাথে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

২৩/০৯/২০২১

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **কৃষি বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা কৃষি অফিসার, মনপুরা, সভায় জানান যে, স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/২৩৯১ (৬৮৮), তারিখ ঃ ০২/০৮/২০২১ খ্রি. মোতাবেক উপজেলা কৃষি অফিসে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণগার নির্মানের জন্য একতলা বিশিষ্ট ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্মান পূর্বক স্কেচ ম্যাপ প্রস্তুত করে প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর প্রেরণের জন্য একখানা পত্র পাওয়া গেছে। এরই প্রেক্ষিতে তিনি সভায় উল্লেখ করেন যে, উপজেলা কৃষি অফিস সংলগ্ন দক্ষিণ-পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদের আওতাভূক্ত জমি রয়েছে। উক্ত জমি হতে ভবন নির্মানের জন্য জমি প্রদানের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কৃষি অফিস, মনপুরা, ভোলাকে প্রয়োজনীয় জমি বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমতি চেয়ে পত্র প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৪ | **উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা সভায় জানান যে, ২০২১-২০২২ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তির বরাদ্দ ১৯,৯৯,০০০/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। সে মতে স্ব-স্ব ইউনিয়ন চেয়ারম্যানদের প্রকল্প দাখিল দাখিল করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানদের দ্রুত প্রকল্প প্রেরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা। |
| ০৫ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ের কাবিখা (চাল,গম ও নগদ অর্থ) বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোপূর্বে ইউনিয়ন পরিষদের অনুকুলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত বরাদ্দ অনুসারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনদের ৩০/০৯/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। জেলা কর্নধার কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ইজিপিপি এর শ্রমিক তালিকা হালনাগাদ করার জন্য স্ব-স্ব ইউনিয়নের চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সরকারী নির্দেশনা মতে চলামান রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে, সকল ইউপি চেয়ারম্যানদের যাথসময়ে তালিকা সমূহ জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চেয়ারম্যান, সকল ইউপি মনপুরা, ভোলা। |
| ০৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, দীর্ঘদিন বন্ধ থাকার পর স্কুলসমূহের শ্রেনী কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে বেঞ্চ সমস্যা প্রকট আকার ধারন করেছে। অচিরেই শিক্ষা প্রতিষ্ঠান সমূহে নতুন বেঞ্চ সরবরাহ করা না গেলে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | বিদ্যালয়সমূহে বেঞ্চ সরবরাহের নিমিত্তে সম্ভাব্য খাত যাচাই-বাছাই পূর্বক আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য কমিটি গঠন করা হয় **(পরিশিষ্ট'গ')**। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা ও সংশ্লিস্ট কমিটি। |
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, দীর্ঘদিন বন্ধ থাকার পর স্কুলসমূহের শ্রেনী কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে বেঞ্চ সমস্যা প্রকট আকার ধারন করেছে। অচিরেই শিক্ষা প্রতিষ্ঠান সমূহে নতুন বেঞ্চ সরবরাহ করা না গেলে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | বিদ্যালয়সমূহে বেঞ্চ সরবরাহের নিমিত্তে সম্ভাব্য খাত যাচাই-বাছাই পূর্বক আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য কমিটি গঠন করা হয় **(পরিশিষ্ট'গ')**। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা ও সংশ্লিস্ট কমিটি। |

২৬/০৯/২০২১

| | | | |
|---|---|---|---|
| ০৮ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক র্কাক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৯ | **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, মনপুরা ভোলা এর পক্ষে জনাব মোঃ শাহে আলম জানান যে, ২০২১-২২ অর্থবছরের ১৫০ টি শতভাগ ভাতা কার্যক্রম ভুক্ত উপজেলা এর মধ্যে অত্র উপজেলায় বয়স্ক ভাতা কার্যক্রমে হাজির হাট ইউনিয়নে ৫৫৩ জন, মনপুরা ইউনিয়নে-২৩২ জন, উত্তর সাকুচিয়া-২৯৭ জন, দক্ষিন সাকুচিয়া-৪১৪ জনসহ মোট-১৪৯৬ জন ভাতা প্রত্যাশী আবেদন করেন এবং বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কার্যক্রমের আওতায় মনপুরা ইউনিয়নে-২৪০ জন, হাজিরহাট-৩৫৩, উত্তর সাকুচিয়া-২৭০, দক্ষিন সাকুচিয়া-৪৬৮ জনসহ মোট ১৩৩১ জন ভাতা প্রত্যাশী আবেদন করেন। কিন্তু আবেদন অনুযায়ী ভাতা বরাদ্দ না থাকায় প্রতি ইউনিয়ন হতে আবেদন কারীগনের মধ্য হতে যোগ্য ভাতা প্রত্যাশী যাচাই বাছাই করা প্রয়োজন। এছারাও প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে প্রতিবন্ধি শিক্ষার্থীদের মধ্য হতে শিক্ষা উপবৃত্তি প্রদানের নিমিত্তে প্রতিবন্ধি শিক্ষার্থীর তথ্য সংগ্রহ করা প্রয়োজন। অত্র উপজেলায় প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় জরিপ কার্যক্রম শুরু হয়েছে। এবং অত্র উপজেলায় বেদে জন গোষ্ঠীর জীবন উন্নয়ন কর্মসূচীর আওতায় ১০০ জন ভাতা ভোগীর জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে, যাহা উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন। | উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভা আয়োজন পূর্বক দ্রুত কার্যক্রম বাস্তয়নের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১০ | **উপজেলা বন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, মনপুরা উপজেলায় নদী ভাঙ্গন/ভূমি ক্ষয়/ভূমি ধ্বস প্রতিরোধ প্রাকৃতিক দূর্যোগ থেকে জনসাধারনের জানমাল রক্ষায় সবুজ বেষ্ঠনী গড়ে তোলার লক্ষ্যে বন বিভাগ খালি যায়গায় বনায়ন করে থাকে। তার ধারাবাহিকতায় "দক্ষিণ সাকুচিয়া র্সযমূখী বেড়ীবাঁধ এলাকায় স্ট্রীপ বাগানের প্রয়োজনীয় রয়েছে। | বনায়নের বিধিমালা ২০০৪ (যা ২০১১ সালে সংশোধিত) মোতাবেক স্থানীয় জনসাধারনকে সম্পৃক্ত করে উল্লেখিত স্থানে বন বিভাগ কর্তৃক স্ট্রীপ বাগান সৃজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা। ভোলা। |
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগষ্ট মাসে মনপুরা উপজেলায় ৩২জন প্রান্তিক উদ্যোক্তার মাঝে সরকার ঘোষিত কোভিট প্রনোদনা ঋন হিসেবে ৬৪ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ সরকারী নির্দেশনা অনুযায়ী চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১২ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা যুব কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা। |

২৯/০৯/২০২১

| | | | |
|---|---|---|---|
| ১৪ | <u>**উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**</u><br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক র্কাক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৫ | <u>**উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম আলেচনা ঃ**</u><br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৬ | <u>**উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, ৪টি ইউনিয়নে ১০টি খামারে বিনামূল্যে কৃমির ঔষধ ও ভ্যাকসিন প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সরকারি নির্দেশনা মত পরিচালিত হচ্ছে। | নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৭ | <u>**উপজেলা দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**</u><br><br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৮ | <u>**আমার বাড়ি আমার খামার বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**</u><br><br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মনপুরা, ভোলা। |
| ১৯ | বিবিধ ঃ<br>**(১) বাঁধেরহাট বাজার মসজিদ সংলগ্ন উপজেলা পরিষদের পুকুরের ইজারা মেয়াদ ০১ বছর বৃদ্ধি করণ।**<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, জনাব মোঃ মিজানুর রহমান, **পিং-মোঃ আবু জাফর, সাং- চরযতিন, হাজীরহাট, মনপুরা, ভোলা কর্তৃক** বাঁধেরহাট বাজার মসজিদ সংলগ্ন উপজেলা পরিষদের পুকুরের ইজারা মেয়াদ বৃদ্ধির জন্য একখানা আবেদন করেন। তিনি সভায় আবেদনটি পাঠ করে শোনান। আবেদনকারী তার আবেদনে উল্লেখ করেন যে, তার অনুকূলে উক্ত পুকুরটি ১৪২৭ বাংলা সন হতে ১৪২৯ বাংলা সনের ৩০শা চৌত্র পর্যন্ত ০৩ বছরের জন্য ইজারা প্রদান করা হয়েছে। ১ম বছর পুকুরে মাছ ছাড়া হলে তা বিক্রয়রে উপযোগী হওয়ার আগেই পুকুর পাড় সংস্কারের জন্য পুকরেরে পানি সেচ দেওয়া হয়। | ১) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সরকারী কাজে পুকুরের পানি সেচ দেওয়ায় ইজারা গ্রহীতা ০১ বছর মাছ চাষ করতে না পারায় তার ইজারার মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে ১৪৩০ বাংলা সনের ৩০শা চৌত্র পর্যন্ত পর্যন্ত বলবৎ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা |

২৭/০৯/২০২১

| | | | |
|---|---|---|---|
| | ফলশ্রুতিতে আমি সীমাহীন ক্ষতির সম্মুখিন হই। পরবর্তীতে সংস্কার কাজ শেষ হতে হতে বর্ষা মৌসুম শেষ হয়ে যাওয়ায় পানির অভাবে আমি পুকুরটিতে মাছ ছাড়তে পারিনাই। এমতাবস্থায় পুকরের ইজারা মেয়াদ আরো ০১ বছর বৃদ্ধি করে ১৪৩০ বাংলা সনের ৩০শা চৌত্র পর্যন্ত করার জন্য তিনি আবেদন করেন।<br>(২) হাজীরহাট বাজারে অবস্থিত উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ ও ভাড়া যৌক্তিককরণ কমিটি গঠন ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, হাজীরহাট বাজারে অবস্থিত উপজেলা পরিষদের ভিটি ভাড়া বর্তমানে মাসিক ৫০ টাকা হারে বিদ্যমান রয়েছে। উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ সংক্রান্ত ফাইল পত্রাদি পর্যালোচনা করে দেখো যায় যে, এই ভাড়া ১৯৮৮ ইং সনে ধার্য্য করা হয়েছে। পরবর্তীতে সময়ের সাথে সামঞ্জস্য রেখে আর ভাড়া নির্ধারিত না হওয়ায় তা এখনো বিদ্যান রয়েছে। বর্তমান পরিস্থিতিতে এই ভাড়া সম্পূর্ণ অযৌক্তিক হওয়ায় নতুন করে ভিটি ভাড়া নির্ধারন করা আবশ্যক। তিনি উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ ও ভাড়া যৌক্তিককরণ বিষয়ক একটি কমিটি গঠন করার প্রস্তাব করেন। | (২) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ ও ভাড়া যৌক্তিককরণ কমিটি গঠন করা হয় **(পরিশিষ্ট‘ঘ’)**। কমিটি আগামী মাসিক সভায় উপজেলা পরিষদের ভিটির যৌক্তিক ভাড়া নির্ধারনপূর্বক উপস্থাপনের জন্য ভায় অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ ও ভাড়া যৌক্তিককরণ কমিটি গঠন |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেলিনা আকতার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনপুরা, ভোলা।
✆ ০১৭১৫-২৪৬৭৮৯
✉ uzpmonpura@gmail.com

২৭/০৯/২০২৩

স্মারক নং- ৪৬.১০.০৯৬৫.০০০.০৪.০১৯.২১- তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১১৮, ভোলা - 4 (চরফ্যাশন-মনপুরা)।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, ভোলা।
০৫. জনাব --------------------------------------- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা,ভোলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০৬. উপজেলা ............................................ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৭. চেয়ারম্যান, ........................................ ইউপি, মনপুরা, ভোলা।
০৮. জনাব ...............................................

(মোঃ শামীম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মনপুরা, ভোলা।
☎ ০৪৯২৬-৫৬০০১
✉ unomonpura@mopa.gov.bd

## উপস্থিত সদস্য বৃন্দ পরিশিষ্ট 'ক'

০১. শেলিনা আকতার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
০২. মোঃ শামীম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), মনপুরা, ভোলা।
০৩. জনাব মোহাম্মদ আবদুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৪. জনাব পারভিন আক্তার (রেবু), উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৫. জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়ন, মনপুরা, ভোলা।
০৬. জনাব মোঃ অলিউল্যাহ কাজল, চেয়ারম্যান, ৪নং দক্ষিণ সাকুচিয়া, মনপুরা, ভোলা।
০৭. জনাব মোঃ নিজামউদ্দিন হাওলাদার, চেয়ারম্যান, ২নং হাজীরহাট ইউনিয়ন পরিষদ।
০৮. চেয়ারম্যান, ১নং মনপুরা ইউপি, মনপুরা, ভোলা।
০৯. জনাবা ফরিদা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
১০. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১২. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৩. উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৭. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা, ভোলা।
১৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৯. উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২০. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, মনপুরা, ভোলা।
২১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনপুরা, ভোলা।
২২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২৪. সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প।

## অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

০১. উপজেলা সমাজসেবা অফিসার, মনপুরা, ভোলা।
০২. উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৩. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা, ভোলা।

## পরিশিষ্ট-“গ”

### বিদ্যালয়সমূহে বেঞ্চ সরবরাহের নিমিত্তে সম্ভাব্য খাত যাচাই-বাছাই কমিটি ঃ

| ক্রঃ নং | নাম/পদবী | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা, ভোলা। | আহবায়ক | |
| ০২ | চেয়ারম্যান.............. ইউপি (সকল), মনপুরা। | সদস্য | |
| ০৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা। | সদস্য | |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। | সদস্য | |
| ০৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা। | সদস্য | |

## পরিশিষ্ট-“ঘ”

### উপজেলা পরিষদের ভিটি বরাদ্দ ও ভাড়া যৌক্তিকরণ কমিটি ঃ

| ক্রঃ নং | নাম/পদবী | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা। | উপদেষ্টা | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। | আহবায়ক | |
| ০৩ | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান। | সদস্য | |
| ০৪ | উপজেলা পরিষদ মহিলা ভাইসচেয়ারম্যান। | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা, ভোলা। | সদস্য | |
| ০৬ | চেয়ারম্যান.............. ইউপি (সকল), মনপুরা। | সদস্য | |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। | সদস্য | |
| ০৮ | কানুনগো, উপজেলা ভূমি অফিস, মনপুরা, ভোলা। | সদস্য | |